

ডাকসু নির্বাচন : উদয়ন স্কুল কেন্দ্রে ভোট দেবেন ছাত্রদলের আবিদ-হামিম

অনলাইন ডেক্স



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ

নির্বাচন শুরু হয়েছে। মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) সকাল ৮টা থেকে

শুরু হওয়া এ ভোটগ্রহণ চলবে বিকেল ৪টা পর্যন্ত। দীর্ঘ প্রতীক্ষার

পর এ নির্বাচন ঘিরে শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক আগ্রহ দেখা গেছে।

এবারের নির্বাচনে মোট ২৮টি কেন্দ্রীয় পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন

৪৭১ জন প্রার্থী।

এর মধ্যে ভিপি (সহসভাপতি), জিএস (সাধারণ সম্পাদক) ও

এজিএস (সহ-সাধারণ সম্পাদক) পদে লড়াই হচ্ছে জমজমাট,

কারণ এসব গুরুত্বপূর্ণ পদেই নজর শিক্ষার্থী ও পর্যবেক্ষকদের।

ডাকসু নির্বাচনে মোট ভোটার সংখ্যা ৩৯ হাজার ৮৭৪ জন। এর

মধ্যে ছাত্রী ভোটার ১৮ হাজার ৯৫৯ জন এবং ছাত্র ভোটার ২০

হাজার ৯১৫ জন। ভোটারদের একজনকে মোট ৪১টি ভোট দিতে

হবে— কেন্দ্রীয় সংসদের ২৮টি ও হল সংসদের ১৩টি পদে।

ক্যাম্পাসে মোট ৮টি কেন্দ্রে হবে ভোটগ্রহণ। গুরুত্বপূর্ণ কয়েকটি

পদপ্রার্থীর ভোটকেন্দ্র ইতিমধ্যেই জানা গেছে। ছাত্রদল সমর্থিত

প্যানেলের ভিপি প্রার্থী আবিদুল ইসলাম খান ও জিএস প্রার্থী শেখ

তানভীর বারী হামিম দু'জনেই উদয়ন স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে

ভোট দেবেন।